

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
প্রস্তাবিত বাংলাদেশ রুরাল ওয়াটার সাপ্লাই এ্যান্ড স্যানিটেশন প্রজেক্ট
Proposed Bangladesh Rural Water Supply and Sanitation Project (BRWSSP)
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০।

পরিবেশ ব্যবস্থাপনা কাঠামো
Environment Management Framework (EMF)

সার সংক্ষেপ

আর্সেনিক, লবনাক্ততা ও অন্যান্য কারণে বাংলাদেশে গ্রামীণ জনপদের যে সমস্ত এলাকায় নিরাপদ ও সুপেয় পানির স্বল্পতা ও চাহিদা রয়েছে সেই সকল এলাকায় অভিষ্ট জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহের পাশাপাশি স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার সুবিধাদি অভিষ্ট জনগোষ্ঠীর নিকট পৌঁছে দেয়ার জন্য বিশ্বব্যাংকের আর্থিক সহযোগিতায় 'বাংলাদেশ রুরাল ওয়াটার সাপ্লাই এ্যান্ড স্যানিটেশন প্রজেক্ট (BRWSSP)' প্রনয়ন করা হচ্ছে। বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন 'জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (DPHE)' প্রকল্পটি বাস্তবায়ন করবে। প্রকল্পের মেয়াদকাল হল ৫ বছর (২০১২-২০১৭)। উক্ত প্রকল্পের প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

- ১২৫ টি গ্রামীণ পানি সরবরাহ স্কীম বাস্তবায়ন।
- আর্সেনিক, লবনাক্ত প্রবন চিহ্নিত এলাকায় (প্রাকৃতিক দুর্যোগ প্রবণসহ) ২০,০০০টি নিরাপদ পানীয় জল সরবরাহ ব্যবস্থা বাস্তবায়ন।
- নির্বাচিত ইউনিয়নে উন্নত স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার বাস্তবায়ন ও পাইলটিং।

টেকসই, সমন্বিত ও উন্নয়ন সহায়ক নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন বিষয়ক কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে এই প্রকল্পের আওতায় একটি যথাযথ ও পূর্ণাঙ্গ 'পরিবেশ ব্যবস্থাপনা কাঠামো (EMF)' তৈরী করা হয়েছে যা বিশ্বব্যাংকের Safeguard Policy OP 4.01 এর সঙ্গে যথাযথভাবে সঙ্গতিপূর্ণ।

প্রসংগত উল্লেখ্য যে, এই প্রকল্পের সমস্ত কার্যক্রম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের Environmental Conservation Act (ECA) of 1995 এবং Environmental Conservation Rule (ECR) of 1997 এর আওতায় নির্ধারিত Policy, Act, Rules & Regulation দ্বারা সুনিয়ন্ত্রিত আছে।

পরিবেশ ব্যবস্থাপনা কাঠামো (EMF) এর উদ্দেশ্য :

EMF এর উদ্দেশ্য হল দেশের সংবিধান, বিদ্যমান প্রচলিত আইন ও বিধি এবং পানি বিষয়ক নীতিমালার আলোকে একটি সর্বসম্মত ও গ্রহণযোগ্য পরিবেশ মূল্যায়ন ব্যবস্থাপনা যথাযথভাবে নিশ্চিতকরণ করা - যার ফলে প্রকল্প বাস্তবায়নধীন এলাকার বিদ্যমান পরিবেশে কোন নেতিবাচক প্রভাব পড়বে না কিংবা কিছুটা পড়লেও তার জন্য যথাযথ প্রতিকারমূলক ব্যবস্থা ও ক্ষতিপূরণের বিধান রাখা। অত্র EMF এর মাধ্যমে BRWSSP প্রকল্পের বিভিন্ন অংগ সমূহের আওতায় নতুন প্রণয়ন, পরিকল্পনা ও বাস্তবায়নে সকল পরিবেশগত বিষয়সমূহ বিশেষভাবে বিবেচনায় রেখে পরিবেশগত প্রভাব মূল্যায়ন Environmental Impact Evaluation (EIE) করবে যার মাধ্যমে প্রকল্প বাস্তবায়নধীন সামগ্রিক পরিবেশ সুরক্ষার বিষয়টি বিশেষভাবে গুরুত্ব পাবে এবং এর ফলে সমাজে পরিবেশগত কোন বিরূপ প্রভাব পড়বে না।

EMF এর উদ্দেশ্য সমূহ নিম্নরূপ :


- প্রকল্পের আওতায় সাব-প্রজেক্ট সমূহ অনুমোদন ও অর্থায়নের পূর্বে একটি যথাযথ ও পূর্ণাঙ্গ পরিবেশ মূল্যায়ন রূপরেখা প্রতিষ্ঠা করা।
- সাব প্রজেক্ট প্রনয়ন ও বাস্তবায়নে রিপোর্ট প্রণয়ন, ব্যবস্থাপনা, তত্ত্বাবধান, পরীক্ষণ ও মূল্যায়ন সহ প্রতিটি ধাপেই পরিবেশ সুরক্ষা বিষয়ক সুনির্দিষ্ট কর্তব্য ও দায়িত্বের বিষয়টি নিশ্চিত করা।
- EMF এর যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট Stakeholder গণের প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন ও কারিগরী সহযোগিতা প্রদানের ব্যবস্থা রাখা।
- সার্বোপরি মানব স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশের নেতিবাচক প্রভাব সমূহ দূর করে টেকসই ও নিরাপদ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পরিবেশ সুরক্ষায় নিশ্চয়তার বিধান রাখা।

প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন :

প্রাসঙ্গিক ভাবে উল্লেখ্য যে, অত্র প্রকল্পের আওতায় বাস্তবায়ন যোগ্য সাব-প্রজেক্ট সমূহ বাস্তবায়নে পরিবেশগত বিপর্যয় হবার তেমন কোন সমস্যা উদ্ভব হবে না বিধায় এটাকে 'B'(গোলাপী) ক্যাটাগরীর প্রকল্প হিসাবে বিবেচিত করা হয়েছে। যেহেতু পরিবেশ ব্যবস্থাপনা কাঠামো (EMF) বাস্তবায়ন করার দায়িত্ব থাকবে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (PMU) এর উপর - তাই এর সাথে সংশ্লিষ্ট ব্যক্তি ও Stakeholder গণের এ বিষয়ে যথাযথ দক্ষতা উন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা ও এ খাতে প্রকল্প হতে অর্থায়নের নির্দেশনা EMF এর মধ্যে সন্নিবেশিত রয়েছে। মানব সম্পদের দক্ষতা উন্নয়ন ছাড়াও 'পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি (Environmental Management System-EMS)' এর আওতায় অভিষ্ট মানব স্বাস্থ্যের নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় পরিবেশ অবকাঠামো (Environment infrastructure) নির্মাণেরও বিধান রয়েছে।

EMF এর প্রকাশনা (Disclosure) :

প্রস্তুতকৃত পরিবেশ ব্যবস্থাপনা কাঠামোটির (EMF) সার সংক্ষেপ এর অনুবাদ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এর নিজস্ব ওয়েবসাইট, কেন্দ্রীয় ও আঞ্চলিক এবং প্রকল্প অফিসে সহজে দৃষ্টিগোচরযোগ্য স্থানসমূহে (নোটিশ বোর্ডে) সাধারণ জনগোষ্ঠীর জ্ঞাতার্থে উন্মুক্ত করা হয়েছে। এছাড়া EMF টির প্রকাশনা বহুল প্রচারিত ২টি জাতীয় দৈনিকে (১টি বাংলা ও ১টি ইংরেজী) প্রচারের ব্যবস্থা করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, একটি বিস্তৃত পরিসরে দেশের সংশ্লিষ্ট Stakeholder গণের অংশগ্রহণে বিশ্বব্যাংক, ঢাকা অফিসে অক্টোবর ১০, ২০১১ইং তারিখে একটি দিনব্যাপী কর্মশালার মাধ্যমে প্রকল্পের 'EMF' এর উপর মতামত গ্রহণের ব্যবস্থা করা হয়। এই দলিলটি বিশ্ব ব্যাংককে INFOSHOP করার ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়েছে।


তত্ত্বাবধায়ক প্রকৌশলী

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গ্রাউন্ড ওয়াটার সার্কেল

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০।